# বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২১-২২ আর্থিক বছরের ২য় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ জহিরুল ইসলাম<br>পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। |
| তারিখ ও সময় | : | ১৯ অক্টোবর ২০২১, মঙ্গলবার, সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | সদর দপ্তর সম্মেলন কক্ষ, ফ্লোর-৬, সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত সভায় গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য অত:পর সদস্য-সচিবকে অনুরোধ করেন।

২। পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ১ম কোয়ার্টারে অনুষ্ঠিত সভায় গৃহীত চারটি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং বাস্তবায়ন প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৩। সিটিজেন চার্টার হালনাগাদ করার বিষয়ে সভাপতি বলেন যে, সিএএবি-এর সিটিজেন চার্টারে সেবাসমূহ সঠিকভাবে অন্তর্ভূক্ত হয়েছে কী না তা খতিয়ে দেখার জন্য অনুরোধ করেন। তিনি সকলকে নতুন সেবা (যদি থাকে) চিহ্নিত করে সিটিজেন চার্টারের জন্য নির্ধারিত ছক অনুসারে তথ্যাদি পূরণপূর্বক সদস্য-সচিবের নিকট জমা দিতে অনুরোধ করেন। সভায় সিটিজেন চার্টারে উল্লেখিত প্রতিটি সেবা নিয়ে আলোচনা করা হয়। সভাপতি সিটিজেন্স চার্টারে উল্লেখিত সেবা নম্বর ২, ৩, ২৫, ২৭, ৩০ ও ৩৯ কে ইজারা/সনদ ইত্যাদি 'প্রদান' ও 'নবায়ন' সেবাকে আলাদা সেবা হিসেবে দেখানোর পরামর্শ দেন ও সভায় উপস্থিত সদস্যগণ তা সমর্থন করেন। সহকারী পরিচালক (এয়ার ট্রান্সপোর্টেশন) সেবা নম্বর ১৬ ও ১৭ কে 'দাপ্তরিক সেবা' এর অন্তর্ভূক্ত করার এবং সেবা দুটির বিপরীতে এরোড্রাম সার্টিফিকেশনের সাথে জড়িত কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করার প্রস্তাব দেন। সভাপতি ও অন্যান্য সদস্যগণ তা সমর্থন করেন। সুনির্দিষ্ট সেবা প্রদানের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্বাচনের উদ্দেশ্যে বিষয়টি নিয়ে পরিচালক (এফএসআর)-এর সাথে আলোচনা করার জন্য সভাপতি সদস্য-সচিবেকে অনুরোধ করেন। তাছাড়া সভায় সিটিজেন্স চার্টারে কিছু পরিমার্জন ও সংশোধন সম্পাদন করা হয়। সভাপতি সদস্য-সচিবকে আলোচনা মোতাবেক সংশোধিত ড্রাফট প্রস্তুত করে সকল সদস্যকে ই-মেইলে প্রেরণের অনুরোধ করেন। সিটিজেন চার্টারে চার্টারের ইংরেজি ভার্সন প্রস্তুতের জন্য বাংলা ভার্সনটি চূড়ান্ত করে তার ইংরেজি ভার্সন চূড়ান্তকরণের তাগিদ দেন। বিদ্যমান খসড়ার আলোকে তিনি একটি সহায়ক ইংরেজি ড্রাফট প্রস্তুত করে তা সকল সদস্যকে প্রদান করার জন্য সদস্য সচিবকে পরামর্শ দেন।

৪। পরিবীক্ষণের জন্য সেবা নির্বাচন বিষয়ে সভাপতি সদস্যগণকে মতামত প্রদানের অনুরোধ করলে উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) তার দায়িত্বের অন্তর্ভূক্ত সেবা নম্বর ৩ এবং সহকারী পরিচালক (এয়ার ট্রান্সপোর্টেশন) তার দায়িত্বের অন্তর্ভূক্ত সেবা নম্বর ১১ ও ১২ পরিবীক্ষণের প্রস্তাব করেন। সভার সকলে সে প্রস্তাবে সমর্থন দেন। সভাপতি কর্মকর্তাদ্বয়কে ধন্যবাদ জানান।

৫। সভায় অন্যান্য অলোচ্য বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। কমিটির সদস্যগণকে নিয়ে Citizen's Charter নামে একটি হোয়াটসএপ গ্রুপ তৈরি করার পক্ষে সকলে মত দেন।

৬। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) চলমান কোয়ার্টারে সিটিজেন্স চার্টারের নিম্নবর্ণিত সেবা তিনটি পরিবীক্ষণ করা হবে:

(অ) "সকল বিমানবন্দরে প্রান্তিক ভবনের বাহিরের (Landside) অংশে জায়গা/সেবা ইজারা প্রদান/নবায়ন" শীর্ষক সেবা (৩নং সেবা);

(আ) "আন্তর্জাতিক গন্তব্যে ফ্লাইট পরিচালনার জন্য বাংলাদেশী বিমান সংস্থার ফ্লাইট সিডিউল অনুমোদন" শীর্ষক সেবা (১১নং সেবা);

(ই) "অভ্যন্তরীণ গন্তব্যে ফ্লাইট পরিচালনার জন্য বাংলাদেশী বিমান সংস্থার ফ্লাইট সিডিউল অনুমোদন" শীর্ষক সেবা (১২নং সেবা)।

(খ) সদস্য-সচিব সভার আলোচনা অনুসারে সিটিজেন্স চার্টারে প্রয়োজনীয় পরিমার্জন ও সংশোধন করে সভাপতির অবলোকন সাপেক্ষে ড্রাফট পরীক্ষা/যাচাইয়ের জন্য সকল সদস্যকে প্রদান করবেন। ১৫ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে পরিবীক্ষণ কমিটির আরেকটি সভা অনুষ্ঠান করে সিটিজেন চার্টারের ড্রাফট চূড়ান্ত করা হবে এবং মতামতের জন্য সকল দপ্তরের প্রেরণ করা হবে। ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে চার্টার চূড়ান্ত করা হবে।

৭। সভাপতি সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে একটি দীর্ঘ সভায় অংশ গ্রহণের জন্য উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানান এবং আশা প্রকাশ করেন যে, পরিবীক্ষণ কমিটি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক প্রতিশ্রুত সেবাসমূহের বাস্তব মান উন্নয়নে ও নাগরিক সন্তুষ্টি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জহিরুল ইসলাম
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

নং- ৩০.৩১.০০০০.২১১.৮০.০০২.১৯/৩৬৭৪ তারিখ: ২৯/১০/২০২১

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক (প্রশাসন), (উপসচিব), প্রশাসন বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২. জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, পরিচালক (মানবসম্পদ উন্নয়ন), প্রশাসন বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩. বেগম ইসরাত জাহান পান্না, উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), প্রশাসন বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৪. জনাব এস. এম. লুৎফুল কবীর, উপ-পরিচালক (এএনএস ইন্সপেশন, এফএসআর বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৫. জনাব জাহিদ কাইয়ুম, উপ-পরিচালক (এরোড্রামস), এটিএম বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৬. বেগম শিরিন সুলতানা, উপ-পরিচালক (ফ্লাইট সেফটি), এফএসআর বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৭. জনাব মোঃ মাসুদ রানা, উপ-পরিচালক (এটিএম), এটিএম বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৮. জনাব মোঃ আতাউল্লাহ্ হাশমী, উপ-পরিচালক (এয়ারওয়ার্দিনেস ইভালুয়েশন এন্ড সার্ভেইলেন্স), এফএসআর বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৯. জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, সহকারী পরিচালক (এয়ার ট্রান্সপোর্টেশন), এফএসআর বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১০. জনাব মোঃ আলমগীর, সহকারী পরিচালক (সিনিয়র এভসেক ইন্সপেক্টর), এভসেক বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১১. জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (স.ক.ভ.ত), অর্থ ও হিসাব বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. জনাব মোঃ নূরে আলম সিদ্দিকী, প্রশাসনিক কর্মকর্তা, প্রকৌশল বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৩. জনাব মুহাম্মদ আব্দুল মোনেম, উপ-পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা অপারেশনাল প্রশিক্ষণ মনিটরিং উন্নয়ন বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি:

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সদস্য (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (সদস্য (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
প্রশাসন বিভাগ।

বিষয়: ১৯-১০-২০২১ তারিখ অনুষ্ঠিত "সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি" এর সভায় উপস্থিতি।

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| | ইফফাত জাহান পান্না<br>উপ-পরিচালক (অ.প) | 01818928963<br>panna15784@gmail.com | ১৯/১০/২১ |
| | মো: মাসুদ রানা<br>DD (ATM) HQ | 01894903120 | |
| | এ এম লুৎফুল কবীর<br>DD (ANS Inspection) | 01894-901410 | |
| | মো: ওবায়দুজ্জামান<br>সহ: পরিচালক (এয়ার ট্রান্সপোর্ট) | 01894 9016 11 | |
| | শিরীন সুলতানা<br>DD | 01913575798 | |
| | জাহিদ কাইয়ুম<br>DD | 01912912430 | |
| | Md. Ataullah Hashmi<br>DD(AERS) | 01712028211 | |
| | Mohammed Alamsir<br>SAI | 01819611311 | |
| | মো: আনোয়ার হোসেন<br>AD (Est) | 01711162957 | |
| | মো: নুরে আলম সিদ্দিকি<br>প্রশাসনিক কর্মকর্তা | 01715332617 | 19/10/2021 |